# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য সরকারের সঙ্গে বৈঠক ভেস্তে যাওয়ার পর অচলাবস্থা কাটাতে কি পদক্ষেপ নেওয়া যায়, সে ব্যাপারে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা রাষ্ট্রপতির হস্তক্ষেপ চেয়েছেন।

এদিকে স্বাস্থ্যভবনের সামনে আজও চলেছে আন্দোলনরতদের ধর্ণা অবস্থান।

২) আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের কর্মবিরতির জেরে যেসমস্ত রোগী, চিকিৎসা পরিষেবা না পেয়ে মারা গেছেন বলে অভিযোগ রাজ্য সরকার তাদের এককালীন ২ লক্ষ টাকা করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

৩) বিজেপি রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে বিপর্যয়ের জন্য তৃণমূল কংগ্রেস সরকারকেই দায়ী করেছে।

পুলিশ কমিশনারের পদত্যাগের দাবিতে বামেরা আজ ফের লালবাজার অভিযান করে।

৪) দক্ষিণ পূর্ব বাংলাদেশ উপকূল এবং সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি নিম্নচাপে রূপ নিয়েছে। এর জেরে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টি হচ্ছে।

৫) যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে প্রথম ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি, র মুখোমুখি হয়েছে।

---

শর্ত পূরণ নিয়ে অনড় মনোভাবের জেরে রাজ্য সরকারের সঙ্গে বৈঠক ভেস্তে যাওয়ার পরে অচলঅবস্থা কাটাতে কি পদক্ষেপ নেওয়া যায় তা নিয়ে আলোচনা করতে জুনিয়র চিকিৎসকরা রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু র হস্তক্ষেপ চেয়েছেন। আন্দোলনরত চিকিৎসকদের তরফে ইতিমধ্যেই রাষ্ট্রপতিকে ই মেইল পাঠানো হয়েছে বলে জানা গিয়েছে। পাশাপাশি তারা রাজ্যপাল সিভি আনন্দ বোস এর  সঙ্গেও কথা বলতে চেয়ে মেইল পাঠিয়েছেন। তবে কোন তরফ থেকেই এখনো পর্যন্ত চিকিৎসকের চিঠির উত্তর আসেনি।

---

এদিকে স্বাস্থ্য ভবনের সামনে আজও আন্দোলনরত চিকিৎসকদের ধর্ণা অবস্থান চলেছে। দুপুরেরি দিকে ভারি বৃষ্টিতে সেখানে জল জমে গেলে তারা বিপাকে পড়েন। ভিজে যায় জামা কাপড়ও। তা সত্ত্বেও সরে আসেননি অবস্থান বিক্ষোভ থেকে। বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত উদ্যোগে তাদের প্রয়োজনীয় জিনিস সরবরাহের বন্দোবস্ত করা হয়।

---

আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের কর্ম বিরতির জেরে যে সমস্ত রোগী, চিকিৎসা পরিষেবা না পেয়ে মারা গিয়েছেন বলে অভিযোগ,  রাজ্য সরকার তাদের এককালীন সাহায্য দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স

হ্যান্ডেলে জানিয়েছেন মৃতদের পরিবারকে এককালীন ২ লক্ষ টাকা করে সাহায্য দেওয়া হবে।

এখনো পর্যন্ত চিকিৎসা না পেয়ে রাজ্যে ২৯ জনের মৃত্যু হয়েছে বলেও তিনি জানান।

-----------------------------

বিজেপি রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে বিপর্যয়ের জন্য রাজ্য সরকারকে দায়ী করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন,মুখ্যমন্ত্রী সহ শাসকদল এই বিপর্যয়ের কারণ হিসেবে জুনিয়র ডাক্তারদের আন্দোলনকে দায়ী করেছে। তাঁর অভিযোগ,চরম দুর্নীতি ও লুটের কারণে আজ এই বিপর্যয় ঘটেছে। রাজনৈতিক অনুমোদন ছাড়া একা সন্দীপ ঘোষের পক্ষে এত বড় একদলীয় একাধিকত্ব গড়ে তোলা সম্ভব নয়। আজ যে চূড়ান্ত অরাজকতা তৈরি হয়েছে তার জন্যই জুনিয়র ডাক্তাররা আন্দোলনে নামতে বাধ্য হয়েছেন। তাদের বিভিন্ন জায়গায় প্রাণনাশের ভয় দেখানো হচ্ছে। রাজ্যের নির্বাচিত জনপ্রতিনিধিরা যে ভাষায় তাদের আক্রমণ করছেন সেটা কোন সুস্থ, স্বাভাবিক,রাজনৈতিক সমাজের ভাষা নয়।

অন্যদিকে জুনিয়র ডাক্তারদের এই আন্দোলনে কিছু অপ্রাসঙ্গিক রাজনৈতিক শক্তি ঢুকে পড়ে রাজনীতির রঙ দেওয়ার চেষ্টা করছে বলেও শ্রী ভট্টাচার্যের আরো অভিযোগ। তিনি জানান,বিজেপি ডাক্তারদের এই আন্দোলনকে পুরোপুরি সমর্থন করে। তবে তার মধ্যে রাজনীতির রঙ দিচ্ছে না। বিজেপি পৃথকভাবে আন্দোলন করছে।

-----------------------------

আর জি কর কান্ডের প্রেক্ষিতে উত্তর ২৪ পরগণার নৈহাটিতে গত ৮ই সেপ্টেম্বর স্কুলের প্রাক্তনীদের মিছিলে দুষ্কৃতী আক্রমণের প্রতিবাদে বিজেপির ব্যারাকপুর জেলা সংগঠনের পক্ষ থেকে আজ এক মিছিল বের করা হয়। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি, ব্যারাকপুরের প্রাক্তন সাংসদ অর্জুন সিং, ভাটপাড়ার বিধায়ক পবন সিং, মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র প্রমুখ এতে অংশ নেন। অরবিন্দ রোড থেকে শুরু হয়ে মিছিল শেষ হয় গৌরীপুর চৌমাথা মোড়ে। পরে শুভেন্দু বাবু সাংবাদিকদের বলেন, বিজেপি জুনিয়ার ডাক্তারদের আন্দোলনকে সমর্থন করছে। তারা কোনোরকম আক্রমণের শিকার হলে দল তা বুঝে নেবে। স্বাস্থ্য দপ্তরের দুর্নীতি প্রকাশ্যে চলে আসতে পারে এই আশঙ্কাতেই মুখ্যমন্ত্রী গতকাল লাইভ স্ট্রিমিং করতে রাজি হননি বলে শুভেন্দু বাবুর দাবি।

জুনিয়ার চিকিৎসকদের কর্মবিরতির কারণে ২৯ জন রোগী মারা গেছেন বলে মুখ্যমন্ত্রী এক্স হ্যান্ডেলে যে দাবি করেছেন, তারও সমালোচনা করেন শুভেন্দু। তাঁর দাবি মুখ্যমন্ত্রী রাজ্যে কোভিড ও ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃতের সংখ্যা কমিয়েছিলেন। কিন্তু এখন তিনি মৃতের সংখ্যা বাড়াতে ব্যস্ত।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী তৃণমূল কংগ্রেসের আমলে শিক্ষার পর স্বাস্থ্যেরও বেহাল দশা হয়েছে বলে দাবি করেন। জলপাইগুড়ির ময়নাগুড়ি বাজারে কংগ্রেসের প্রতিবাদ সভায় যোগ দিয়ে রাজ্যকে কটাক্ষ করেন তিনি। এই প্রতিবাদ মঞ্চে বেশ কয়েকজন তৃণমূল কংগ্রেস ছেড়ে কংগ্রেসে যোগদান করেন।

বাইট

---------------------------

পুলিশ কমিশনার বিনীত গোয়েলের পদত্যাগের দাবিতে বামেরা আজ ফের লালবাজার অভিযান করে। কিন্তু মিছিল ফিয়ার্স লেনে পৌঁছানোর পরেই পুলিশ ব্যারিকেড করে তা আটকে দেয়। বাম নেতৃত্ব সেখান থেকেই শান্তিপূর্ণ বিক্ষোভ কর্মসূচি পালনের জন্য দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানায়। নগরপালের পদত্যাগের দাবি থেকে তারা কোনোভাবেই সরে আসবেন না বলে মিছিলে স্পষ্ট জানোন হয়েছে। এই অভিযানে বাম কর্মী সমর্থকদের সঙ্গে ছিলেন ফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু, সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ  সেলিম প্রমূখ। পরে বিমান বসু সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, তারা মুখ্যমন্ত্রীর পদত্যাগ নয়, পুলিশ কমিশনার এবং আর জি করের ঘটনায় যাদের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, তাদের পদত্যাগের দাবিতেই সরব হয়েছেন।

বাইট

----------------------------

আর জি কর হাসপাতালে চিকিৎসক তরুণী ধর্ষণ ও খুনের ঘটনায় কলকাতা পুলিশের হাতে ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রাই-কে আজ নার্কো টেস্টের জন্য শিয়ালদা আদালতে নিয়ে যাওয়া হয়ে। কিন্তু তিনি সেই টেস্টে রাজি হননি। ফলে সিবিআই এই নার্কো টেস্টের জন্য আদালতে যে আবেদন করেছিল, বিচারক তা খারিজ করে দেন। বয়ানে অসংঙ্গতি মেলায় তদন্তকারী সংস্থা সঞ্জয়ের নার্কো টেস্ট করাতে চায়।

এর আগে কলকাতা পুলিশের কাছ থেকে তদন্ত ভার নেওয়া পর সিবিআই তার পলিগ্রাফ টেস্ট করে। বর্তমানে সঞ্জয় প্রেসিডেন্সি জেলে বন্দী।

সিবিআইয়ের একটি দল আজ উত্তর ২৪ পরগণার নাটাগড়ে নির্যাতিতা চিকিৎসকের বাড়িতে যান। কথা বলেন তাঁর বাবা মা ও কাকিমার সঙ্গে। পরে তাদের

নিয়েই সিবিআই আধিকারিকরা আর জি কর হাসপাতালে যান। সেখানে ঘটনার দিন তারা কি কি দেখেছেন, কারা কোথায় কোথায় ছিলেন, সেই সমস্ত বিষয় খতিয়ে দেখেন।

-----------------------------

দুর্গাপুজোর সরকারি অনুদান ফিরিয়ে দিল উত্তর 24 পরগনার আরো একটি ক্লাব। অশোকনগর থানা এলাকার গুমা দোগাছিয়া বাবা পঞ্চানন্দ তলা দুর্গা পুজো কমিটির পক্ষ থেকে বৈঠক করে গ্রামবাসীদের সহমতের ভিত্তিতে সরকারি অনুদানের ৮৫ হাজার টাকা ফেরানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান উদ্যোক্তারা। সরকারি অনুদান নয়, তাঁরা চান, আরজিকর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনায় দ্রুত সুবিচার। গ্রামবাসীরা নিজেরাই চাঁদা তুলে কোনরকমে পুজো সারবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন তাঁরা।

-----------------------------

আরজিকরে তরুণী চিকিৎসক পড়ুয়া কে খুন ও ধর্ষণের ঘটনার আবহেই উত্তর ২৪ পরগনার গাইঘাটায় এক নাবালিকার ধর্ষণের অভিযোগকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় । পরিবারের পক্ষ থেকে জানা গেছে, বছর ১৪র ওই নাবালিকা গত রাতে টিউশন থেকে বাড়ি ফিরছিল। সেই সময় গাইঘাটা এলাকায় কয়েকজন যুবক রাস্তার পাশে বসে মদ্যপান করছিল। তাদের মধ্যেই একজন মেয়েটিকে মদ্যপ অবস্থায় ধর্ষণ করে বলে অভিযোগ। বাড়ি ফিরেই সে মা-বাবাকে ঘটনার কথা জানায় । এরপরই ওই যুবকের বিরুদ্ধে গাইঘাটা থানায় অভিযোগ করে তার পরিবার। পাপ্পু সরকার নামে ওই অভিযুক্ত কে গ্রেফতার করেছে পুলিশ। তাকে আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ৫ দিনের হেফাজতে পাঠানো হয়।

এদিকে কোচবিহারের বক্সীরহাটে নাবালিকাকে ধর্ষণ ও আর জি করের ঘটনায় বিজেপির ডেপুটেশনকে কেন্দ্র করে জেলার তুফানগঞ্জ এ দু নম্বর ব্লক অফিসে উত্তেজনা ছড়ায়। বিজেপির অভিযোগ, সভার জন্য আগে থেকে বাধা মঞ্চ ও মাইক খুলে দেয় তৃণমূল কংগ্রেস সমর্থকরা। ঘটনায়, ১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে বিজেপি। উপস্থিত ছিলেন, সাংসদ মনোজ টিগ্গা, বিধায়ক মালতী রাভা রায়।

-----------------------------

দক্ষিণ পূর্ব বাংলাদেশ উপকূল এবং সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্তটি নিম্নচাপে রূপ নিয়েছে। ক্রমে তা আরও ঘনীভূত হয়ে পশ্চিমবঙ্গের উপকূলের দিকে এগোচ্ছে।

এর প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

দুই ২৪ পরগনা, হাওড়া,  হুগলী ও কলকাতায় আজ ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা রয়েছে। বাকি জেলাগুলিতেও বজ্রবিদ্যুত্ সহ ভারী বৃষ্টি হতে পারে।

আগামীকাল বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে অতি ভারি বৃষ্টির লাল সতর্কতার পাশাপাশি দুই বর্ধমান, ঝাড়গ্রাম ও পুরুলিয়া জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে।

সর্বোচ্চ ৫০ কিলোটমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে কলকাতা সহ হাওড়া, হুগলী, দুই মেদিনীপুর এবং দুই ২৪ পরগণা জেলায়। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের রবিবার ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত সাগরে পাড়ি না দেবার পরামর্শ দেওয়া হয়েছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও রবিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

-----------------------------

রেশন দুর্নীতির তদন্তে ইডি আজ সকাল থেকে কলকাতা সহ রাজ্যের একাধিক জায়গায় তল্লাশি চালায়। নদীয়ার কল্যাণীর পাঁচের পল্লীতে এক ফুড ইন্সপেক্টর সালমা হমব্রমের বাড়ি ও গোডাউনে হানা দেন আধিকারিকরা। সালমা দক্ষিণ ২৪ পরগণার ভাঙরে ফুড ইন্সপেক্টর পদে রয়েছেন।

বাসন্তীর সোনাখালি বাজারে এক রেশন ডিলারের গোডাউনে যায় আরও একটি দল। জয়নগরের বহড়ু এলাকায় এক রেশন ডিস্ট্রিবিউটারের গুদামে হানা দেয় ইডি-র দল।

উত্তর ২৪ পরগণার বারাসাত মেডিকেল কলেজের পাশে সরকারি আবাসনে খাদ্য দপ্তরে কর্মরত রুদ্রনীল পালিতের বাড়িতে কেন্দ্রীয় সংস্থার অফিসাররা ১০ ঘন্টা ধরে তল্লাশি চালায়। তিনি প্রাকতন্ন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের ঘনিষ্ঠ বলে জানা গেছে। তল্লাশি চলছে দেগঙ্গাতেও। এক রেশন ডিলারের বাড়ি ও গোডাউনেও ।

পশ্চিম মেদিনীপুরের বেলদা থানার ধনেশ্বপুরে চাল ব্যবসায়ী স্বদেশ কান্তি বেড়ার বাড়িতে চলছে তল্লাশি। জেরা করা হচ্ছে পরিবারের সদস্যের।

কলকাতার ভবানীপুরের চক্রবেরিয়ায় একটি অফিসে গেছে ইডির দল। লোহা সাউ নামে এক ব্যবসায়ীর খোঁজে তল্লাশি চলছে।

প্রতিটি এলাকাতেই মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

-----------------------------

মধ্য কলকাতার একটি বেসরকারি স্কুলের চার বছরের এক পড়ুয়া আজ সকালে পুল কারে স্কুলে যাওয়ার পথে হঠাৎ অসুস্থ হয়ে পড়ে। নিজের স্কুলের কাছাকাছি আসার পর তার বমি শুরু হয়। পুলকারের চালক ও স্কুলের কয়েকজন প্রথমে তাকে স্থানীয়

এক বেসরকারি হাসপাতালে নিয়ে যায়। সেখানে শিশু বিশেষজ্ঞ না থাকায় ছাত্রটিকে এনআরএস হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকরা শিশুটিকে মৃত ঘোষণা করেন। মৃতদেহ ময়না তদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়। তালতলা থানায় এ নিয়ে একটি রহস্যজনক মৃত্যুর মামলার রুজু হয়েছে পুলিশ তদন্ত করছে।

-----------------------------

স্বাধীনতা আন্দোলনের অনন্য বিপ্লবী যতীন দাসের আজ ৯৬তম শহিদ দিবস। ১৯২৯ সালের ১৩ সেপ্টেম্বর লাহোর জেলে ৬৩ দিন অনশনের পর মাত্র ২৪ বছর বয়সে তাঁর মৃত্যু হয়।

এই উপলক্ষে আজ কলকাতার টাউন স্কুলের বিপরীতে সিকদার বাগান স্ট্রিটে তাঁর জন্মস্থান মামাবাড়ির পাশে তাঁর মূর্তিতে 'বিপ্লবী যতীন দাস স্মরণ সমিতি'র পক্ষ থেকে মাল্যদান এবং সংক্ষিপ্ত আলোচনার মধ্য দিয়ে বিপ্লবীর প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করা হয়।

যতীন দাস পার্কে শহিদ যতীন দাস স্মৃতি সমিতি ও শহিদ যতীন দাস কালচারাল ফোরামের পক্ষ থেক বিপ্লবীর মূর্তিতে মাল্যদান এবং বিপ্লবীদের পরিবারের সদস্যদের সংবর্ধিত করা হয়। দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ এবং বিপ্লবী সূর্য সেনের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন শহিদ যতীন দাস জন্মশতবার্ষিকী কমিটির সম্পাদক অংশুমান রায়। তিনি বলেন, অভয়ার বিচারের দাবিতে জুনিয়র চিকিৎসকরা যে সংগ্রাম চালাচ্ছেন তা বিপ্লবী কর্মকাণ্ডের থেকে কোনও অংশে কম নয়।

-----------------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে আজ একাদশ আইএসএল ফুটবলের প্রথম ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, মুম্বাই সিটি এফ সি, র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে মোহনবাগান ১-০ গোলে এগিয়ে আছে।

আগামীকাল ইস্টবেঙ্গল প্রথম ম্যাচে বেঙ্গালুরু এফ, সি র বিরূদ্ধে খেলবে। বেঙ্গালুরুর কন্তিরাভা ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাত টায়। বিকেল পাঁচটায় ভুবনেশ্বরের কলিঙ্গ ষ্টেডিয়ামে অন্য ম্যাচে ওড়িশা এফ সি, চেন্নাইয়িন এফ সি, র মোকাবিলা করবে।

---------------------------- ----------------------------